DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 21 Nov 2026, 07:16 PM

আন্তর্জাতিক

ক্রিমিয়া সেতুতে হামলার জবাবে ইউক্রেনে রাশিয়ার ব্যাপক হামলা, নিহত ৮

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শুক্রবার, ২০ নভেম্বর ২০২৬, ০৬:২৭ PM



ক্রিমিয়া সেতুতে ইউক্রেনের হামলার প্রতিক্রিয়ায় দেশটির বিভিন্ন এলাকায় ব্যাপক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে রাশিয়া

ক্রিমিয়া সেতুতে ইউক্রেনের হামলার প্রতিক্রিয়ায় দেশটির বিভিন্ন এলাকায় ব্যাপক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে রাশিয়া। এতে রাজধানী কিয়েভে ছয়জনসহ অন্তত আটজন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও অনেকে। হামলায় কিয়েভের দিনিপ্রো নদীর ওপর থাকা তিনটি সেতুসহ বিভিন্ন অঞ্চলের বিদ্যুৎ ও রেল অবকাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে। খবর রয়টার্সের।

বৃহস্পতিবার (১৯ নভেম্বর) রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন প্রতিশোধ নেওয়ার ঘোষণা দেওয়ার পর শুক্রবার (২০ নভেম্বর) রাতভর ইউক্রেনজুড়ে এ হামলা চালানো হয়। ইউক্রেনীয় কর্মকর্তাদের দাবি, ২০২২ সালের ফেব্রুয়ারিতে রাশিয়ার পূর্ণমাত্রার সামরিক অভিযান শুরুর পর কিয়েভের দুই অংশের মধ্যে যোগাযোগের প্রধান তিনটি সেতুতে এটিই সবচেয়ে বড় হামলা।

রাতভর বিস্ফোরণের শব্দে কেঁপে ওঠে কিয়েভ। রুশ হামলা থেকে বাঁচতে শহরের বাসিন্দারা বিভিন্ন মেট্রো স্টেশনে আশ্রয় নেন।

কিয়েভের মেয়র ভিতালি ক্লিচকো সামাজিক যোগাযোগমাধ্যম টেলিগ্রামে দেওয়া এক বার্তায় জানান, পোদিলস্কো-ভস্ক্রেসেনস্কি, দারনিৎস্কি ও পিভদেনি সেতুতে হামলা চালানো হয়েছে। এ পরিস্থিতিতে বাসিন্দাদের গাড়ি নিয়ে বাইরে বের না হওয়ার পরামর্শ দেন তিনি।

যুদ্ধ শুরুর আগে কিয়েভের প্রায় ৩০ লাখ বাসিন্দার এক-তৃতীয়াংশের বেশি দিনিপ্রো নদীর পূর্ব তীরে বসবাস করতেন। নদীর এই অংশটি বাম তীর নামে পরিচিত। তাঁদের অধিকাংশই কাজের প্রয়োজনে নদীর পশ্চিম তীরে যাতায়াত করেন। শহরের সরকারি প্রতিষ্ঠান ও বেসরকারি কোম্পানির অধিকাংশ কার্যালয় পশ্চিম তীরে অবস্থিত।

ইউক্রেনের বিমানবাহিনীর তথ্য অনুযায়ী, রাতভর হামলায় রাশিয়া ৮৪টি ক্রুজ ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে। এর প্রায় সব কটিই ভূপাতিত করার দাবি করেছে ইউক্রেন। এ ছাড়া হামলায় অনির্দিষ্টসংখ্যক ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র এবং ৪০০টির বেশি আক্রমণকারী ড্রোন ব্যবহার করা হয়েছে।

ইউক্রেনের প্রধানমন্ত্রী সের্হি কোরেৎস্কি জানান, হামলায় নিহত আটজনের মধ্যে ছয়জন কিয়েভের বাসিন্দা। বাকি দুজন পশ্চিমাঞ্চলীয় শহর লভিভের একটি রেলস্টেশনে হামলায় প্রাণ হারিয়েছেন।

এর আগে বৃহস্পতিবার পুতিন বলেছিলেন, ক্রিমিয়া ও রাশিয়ার ক্রাসনোদার অঞ্চলের মধ্যে সংযোগ স্থাপনকারী সেতুতে ইউক্রেনের হামলার কঠোর জবাব দেওয়া হবে। চলতি সপ্তাহে সেতুটিতে এটি ছিল ইউক্রেনের তৃতীয় হামলা। রাশিয়ার সামরিক সরবরাহব্যবস্থাকে দুর্বল করার লক্ষ্যে কয়েক মাস ধরে চালানো অভিযানের অংশ হিসেবে এসব হামলা করা হচ্ছে বলে জানিয়েছে ইউক্রেন।


ইউরোপের দীর্ঘতম সড়ক ও রেলসেতু হিসেবে পরিচিত ক্রিমিয়া সেতু রাশিয়ার কাছে বিশেষ গুরুত্ব বহন করে। এটি রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের কাছে দেশটির গৌরবের প্রতীক হিসেবেও বিবেচিত।

অন্যদিকে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি বলেছেন, ইউক্রেনের বিভিন্ন অবকাঠামো, বিশেষ করে সেতুগুলোতে রাশিয়ার হামলার জবাব দিতেই ক্রিমিয়া সেতুতে আঘাত হানা হয়েছে।

এ বিভাগের আরও খবর



ক্ষমতা ধরে রাখতে মরিয়া নেতানিয়াহু, ইসরায়েলে বাড়ছে সহিংসতার শঙ্কা
ইসরায়েলের সাম্প্রতিক নির্বাচনের পর রাজনৈতিক সংকটে পড়েছেন প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। বিরোধীদের বিরুদ্ধে ধারাবাহিক আক্রমণ, নির্বাচনের...



হরমুজ প্রণালিতে মার্কিন এমকিউ-৯ রিপার ড্রোন ভূপাতিতের দাবি ইরানের

পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিতে যুক্তরাষ্ট্রের অত্যাধুনিক এমকিউ-৯ রিপার ড্রোন ভূপাতিত করার দাবি করেছে ইরান। দেশটির সেনাবাহ...



সৌদি ভূখণ্ডের কিছু অংশ হুথিদের দখলে, দাবি টাকার কার্লসনের

ইয়েমেনের হুথি বিদ্রোহীরা সৌদি আরবের কিছু এলাকা দখলে রেখেছে বলে দাবি করেছেন মার্কিন রক্ষণশীল পডকাস্টার টাকার কার্লসন। তাঁর অভিযোগ, সৌদি ভূখণ্...



বাব আল-মান্দেবের পর এবার এডেনের পথে হুতিরা, অবরুদ্ধ হওয়ার শঙ্কা

ইয়েমেনের গুরুত্বপূর্ণ সমুদ্রপথ বাব আল-মান্দেব প্রণালি ও লোহিত সাগরের উপকূলীয় এলাকায় প্রভাব বিস্তারের পর এবার দক্ষিণাঞ্চলীয় গুরুত্বপূর্ণ শহর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/krimiya-setute-hamlar-jbabe-iukrene-rashiyar-bjapk-hamla-niht-8